



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-১৭

তারিখ: ১৯/০৮/২০২০ ইং।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির এপিএ টিমের মাসিক সভার (আগস্ট/২০২০) কার্যবিবরণী।

গত ১৩/০৮/২০২০ ইং তারিখে নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে এপিএ টিমের মাসিক সভা (আগস্ট/২০২০) জুম অ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যগণ জুম অ্যাপসের মাধ্যমে অংশ গ্রহণ করেন। উক্ত সভায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত।	সভায় অবহিত করা হয় যে, মন্ত্রণালয় হতে ডিপিডিসিকে ২০২০-২১ অর্থ বছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে এবং ইতোমধ্যে ডিপিডিসি'র সকল দপ্তরের কর্মকর্তাগণ তাদের নিজ নিজ অধিনস্তদের সাথে চুক্তি স্বাক্ষর করেছেন। স্বাক্ষরকৃত চুক্তির লক্ষ্যমাত্রা আমরা কিভাবে অর্জন করতে পারি সে বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা।	লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় মনিটরিং বাড়াতে হবে।	সকল দপ্তর
০২	বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ সকল প্রতিবেদন প্রেরণ।	সভায় অবহিত করা হয় যে, প্রতিমাসে এপিএ'র অর্জনের অগ্রগতি প্রতিবেদনসহ অন্যান্য অনেক প্রতিবেদন মন্ত্রণালয় ও পাওয়ার সেলে প্রেরণ করতে হয়। মন্ত্রণালয়ে যে সকল প্রতিবেদন প্রেরণ করা হয় সে সম্পর্কে অনেক সময় সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক/ প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপকগণ অবহিত থাকে না।	এখন হতে সকল প্রতিবেদন সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক দপ্তর কর্তৃক কমপাইল করে প্রতিমাসের ২ (দুই) তারিখের মধ্যে সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক বরাবর নিশ্চিতভাবে ই-মেইলে প্রেরণ করতে হবে।	সকল নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলী ও মহাব্যবস্থাপক

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌঃ এ.টি.এম. হারুন অর রশিদ)
নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
- ২। নির্বাহী পরিচালক (আডমিনিস্ট্রেশন এন্ড এইচআর/প্রকৌশল/অর্থ/আইসিটি এন্ড প্রক্লিউরমেন্ট), ডিপিডিসি।
- ৩। কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৫। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৬। অফিস কপি/মাস্টার ফাইল-০০১